

রেজি : ৩৮৯

বর্ষ : ১৪, সংখ্যা : ১৬

ঈশ্বরদী : মঙ্গলবার

২৫ আগস্ট ২০১৫

১০ ভাদ্র ১৪২২

৯ জিলক্বদ ১৪৩৬

পৃষ্ঠা : ৪, দাম : ২ টাকা

পাবনা জেলার প্রচার সংখ্যায় শীর্ষে

নিয়মিত প্রকাশনার ১৪ বছর

সাপ্তাহিক ঈশ্বরদী

মঙ্গলবারের
সংবাদপত্র



The Weekly Ishwardi

আমরা যেতে চাই আরো বহুদূর.....



ট্রলিতে চেপে হার্ডিঞ্জ ব্রিজ পরিদর্শন করছেন বিশেষজ্ঞ সেতু প্রকৌশলীগণ। ইনসেটে প্রেসব্রিফিংয়ে বক্তব্য দিচ্ছেন ড. জামিলুর রেজা চৌধুরী

অর্ধশত বিশেষজ্ঞ প্রকৌশলীদের পর্যবেক্ষণ হার্ডিঞ্জ ব্রিজে ট্রেন চলবে আরো ২৫ বছর

নিজস্ব প্রতিবেদক • দেশের সর্ববৃহৎ ও শতবর্ষী রেল সেতু পাকশী হার্ডিঞ্জ ব্রিজের ওপর দিয়ে ট্রেন চলবে আরো ২৫ বছর। হার্ডিঞ্জ ব্রিজের একশ' বছর পূর্তির বছরকে উদযাপন এবং ব্রিজের বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করতে এসে আন্তর্জাতিক সেতু বিশেষজ্ঞ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)'র ভাইস

চ্যান্সেলর অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী এ মন্তব্য করেছেন। পরিদর্শন টিমের টিম লিডার ড. জামিলুর রেজা চৌধুরী বলেন, এই শতবর্ষী হার্ডিঞ্জ ব্রিজকে আরো শত বছর টিকিয়ে রাখতে হলে পদ্মা নদীর হার্ডিঞ্জ ব্রিজ এলাকা থেকে বালু উত্তোলন বন্ধ করতে হবে, নইলে ২৫ বছরের • এরপর পৃষ্ঠা ৩ : কলাম ২

হার্ডিঞ্জ ব্রিজে ট্রেন

আগেই ব্রিজটি মারাত্মক ক্ষতিগ্রস্ত হবে। এজন্য তিনি পদ্মা নদীর হার্ডিঞ্জ ব্রিজ এলাকা থেকে বালু উত্তোলন বন্ধ করতে সরকারকে অনুরোধ জানান। রেলওয়ের মহাব্যবস্থাপক (ডিজি) আমজাদ হোসেন সাংবাদিকদের বলেন আগামী ২৫ বছর পর কীভাবে এই ব্রিজকে সচল রাখা যায় তা জরিপ করে ব্যবস্থা গ্রহণ করবে সরকার। হার্ডিঞ্জ ব্রিজের একশ' বছর পূর্তির বছরকে উদযাপন এবং ব্রিজের বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করতে রোববার ঈশ্বরদীতে এসেছিলেন দেশী বিদেশী প্রায় অর্ধশত বিশেষজ্ঞ প্রকৌশলীবৃন্দ। এই টিমের নেতৃত্ব দেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)'র ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। পরিদর্শন টিমে বাংলাদেশ, ভারত, জাপান, হাঙ্গেরী ও স্পেনের ৪০ জন বিশেষজ্ঞ প্রকৌশলীসহ রেলের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। হার্ডিঞ্জ ব্রিজ স্পেশাল ট্রেনে চেপে রোববার ঢাকা থেকে দুপুর সাড়ে বারটার দিকে তারা পাকশী হার্ডিঞ্জ ব্রিজ সংলগ্ন পাকশী রেলওয়ে স্টেশনে আসেন। স্থানীয় সড়ক ও জনপথ গেট হাউজ মিলনায়তনে হার্ডিঞ্জ ব্রিজের জন্মলগ্ন থেকে বর্তমান অবস্থা সম্পর্কে একটি দীর্ঘ প্রেজেন্টেশন ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় শেষে হার্ডিঞ্জ ব্রিজ পরিদর্শন করে তারা। মত বিনিময় অনুষ্ঠানে রেলওয়ের মহাব্যবস্থাপক (ডিজি) আমজাদ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন আন্তর্জাতিক সেতু বিশেষজ্ঞ অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। এসময় মুক্তিযুদ্ধের সময় হার্ডিঞ্জ ব্রিজের ভেঙে পড়া স্প্যান নির্মাণ সময়কালে কর্মরত ভারতীয় প্রকৌশলী ড. অমিতাভ ঘোষাল, পশ্চিমাঞ্চল রেলের প্রধান প্রকৌশলী মাহাবুবুর রহমান বকশী, মহাব্যবস্থাপক (জিএম) খায়রুল আলম, সেতু বিশেষজ্ঞ প্রকৌশলী সাইফুল আমীন, ড. আজাদুর রহমান, ড. তৌফিক আনোয়ার, ড. আব্দুর রউফ, বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক আফজাল হোসেন, ঈশ্বরদী উপজেলা নির্বাহী অফিসার রফিকুল ইসলাম সেলিম, ঈশ্বরদী থানার অফিসার ইনচার্জ (ওসি) বিমান কুমার দাশ প্রমুখ উপস্থিত ছিলেন।